

ডিএনসিসি'র মেয়র পদ শূন্য ঘোষণা করে আদেশ জারি

কালের কণ্ঠ অনলাইন ৪ ডিসেম্বর, ২০১৭ ১৪:০৩ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট



ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র পদ শূন্য ঘোষণা করে আদেশ জারি করেছে স্থানীয় সরকার বিভাগ। ডিএনসিসির মেয়র আনিসুল হক মারা যাওয়ায় পরিপ্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।

আজ সোমবার পদ শূন্য ঘোষণার প্রজ্ঞাপন প্রকাশের প্রস্তুতি চলছে বলে জানিয়েছেন মন্ত্রণালয়সংশ্লিষ্টরা। আজই প্রজ্ঞাপন প্রকাশের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে এ পদ শূন্য ঘোষণা করা হবে বলে জানিয়েছে তারা।

নির্বাচন কমিশনের (ইসি) ভারপ্রাপ্ত সচিব হেলালুদ্দীন আহমদ ইতিমধ্যে জানিয়েছেন, স্থানীয় সরকার মন্ত্রণালয় ডিএনসিসির মেয়র আনিসুল হকের মৃত্যুসংক্রান্ত প্রজ্ঞাপন জারি করলে ৯০ দিনের মধ্যে সেখানে নির্বাচন অনুষ্ঠিত হবে।

প্রসঙ্গত, গত বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে মারা যান ডিএনসিসির মেয়র আনিসুল হক। এ কারণে তার পদটি শূন্য হয়ে যায়। ২০১৫ সালের এপ্রিলে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী হিসেবে ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র নির্বাচিত হয়েছিলেন তিনি। তাঁর মৃত্যুতে এই পদ শূন্য ঘোষণা করা হয়।

